



হরমুজ ঘিরে উদ্বেগ, বিশ্ববাজারে বাড়ছে তেলের দাম



ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্য থেকে জ্বালানি সরবরাহ ব্যাহত হওয়ার আশঙ্কায় আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম আরও বেড়েছে। বৃহস্পতিবার (৮ অক্টোবর) ব্রেন্ট ক্রুডের দাম ব্যারেলপ্রতি ১০১ ডলার ছাড়িয়ে যায়।

বাজারে ব্রেন্ট ক্রুডের দাম ১ দশমিক ৩৩ ডলার বেড়ে ব্যারেলপ্রতি ১০১ দশমিক ৫৩ ডলারে উঠেছে। একই সময়ে যুক্তরাষ্ট্রের বেঞ্চমার্ক ডব্লিউটিআইয়ের দাম ১ দশমিক ১১ ডলার বেড়ে ব্যারেলপ্রতি ৮৯ দশমিক ৩৯ ডলারে লেনদেন হচ্ছে।

বিশ্লেষকেরা বলছেন, মধ্যপ্রাচ্যের গুরুত্বপূর্ণ তেল উৎপাদন এলাকা থেকে সরবরাহ কমে যাওয়ার আশঙ্কাই দামের এই উর্ধ্বগতির মূল কারণ। বিশেষ করে উপসাগরীয় অঞ্চল ও হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলকে ঘিরে হামলা বাড়ায় সরবরাহ নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে।

বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ তেল পরিবহনপথ হরমুজ প্রণালির পরিস্থিতি আরও খারাপ হলে আন্তর্জাতিক বাজারে সরবরাহে বড় ধরনের প্রভাব পড়তে পারে। এ আশঙ্কায় বিনিয়োগকারীদের উদ্বেগও বাড়ছে, যার প্রভাব পড়ছে তেলের দামে।